

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০০৭.২০১৫-৭৯৮

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৬
১৫ ডিসেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলাধীন ০৭নং ঘোগা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কামরুজ্জামান লেবু এর বিরুদ্ধে মৃত বয়স্ক ভাতাভোগীদের অর্থ উত্তোলনের মাধ্যমে আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলাধীন ০৭নং ঘোগা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কামরুজ্জামান লেবু এর বিরুদ্ধে মৃত বয়স্ক ভাতাভোগীদের অর্থ উত্তোলনের মাধ্যমে আত্মসাতের বিষয়টি স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলাধীন ০৭নং ঘোগা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কামরুজ্জামান লেবু কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪(১) ধারা অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মো: ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

Email: up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০০৭.২০১৫-৭৯৮

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৬
১৫ ডিসেম্বর ২০১৯

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। জনাব কামরুজ্জামান লেবু, চেয়ারম্যান, ০৭নং ঘোগা ইউনিয়ন পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৭। অফিস কপি।

(মো: ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব